বাংলাদেশ কৃষি ব্যাংক
প্রধান কার্যালয়, কৃষি ব্যাংক ভবন
৮৩-৮৫, মতিঝিল বাণিজ্যিক এলাকা,
ঢাকা-১০০০।

ফোন ঃ ৯৫৫৬৯১১, ৯৫১৪৬৯২
পিএবিএক্স ঃ ৯৫৬০০২১-২৫/২৩৩
৯৫৬০০৩১-৩৫/২৭৪
ই-মেইল ঃ dgmpd2@krishibank.org.bd
www.krishibank.org.bd

হিউম্যান রিসোর্স ম্যানেজমেন্ট ডিপার্টমেন্ট-২

প্রকা/এইচআরএমডি-২/৩৭(২)(৩২)/২০১৮-২০১৯/ ১০৭৮ তারিখ ঃ ১৭-১০-২০১৮ খ্রিঃ

সকল কর্মকর্তা/কর্মচারী
বাংলাদেশ কৃষি ব্যাংক।

বিষয় ঃ মানবিক কারণে চিকিৎসার জন্য আর্থিক সাহায্যের আবেদন।

প্রিয় মহোদয়,

উপর্যুক্ত বিষয়ে বিকেবি, মুখ্য আঞ্চলিক কার্যালয়, সাতক্ষীরা'র অবসরপ্রাপ্ত উর্ধতন মুখ্য কর্মকর্তা (২৫.১২.২০১০ হতে অবসরপ্রাপ্ত) জনাব মোঃ সামছুর রহমান (এস-৭৫১) ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের বরাবরে মানবিক সাহায্যের জন্য একটি আবেদন করেছেন।

০২। উক্ত আবেদনে দেখা যায়, জনাব মোঃ সামছুর রহমান এর স্ত্রী দুরারোগ্য ক্যানসার রোগে আক্রান্ত হয়ে ভারতের ভেলোরের ডা. থমাস ও ডা. আনিকা থমাস এর চিকিৎসাধীন রয়েছেন। দীর্ঘ ২ বছর ৬ মাসে তাকে প্রায় ১৮,০০,০০০/- (আঠারো লক্ষ) টাকা খরচ করতে হয়েছে। বর্তমানে ৬ (ছয়) মাস অন্তর স্ত্রীকে নিয়ে ভেলোরে যেতে হয়। ডাক্তারের পরামর্শ মোতাবেক এখনও ৫ (পাঁচ) বছর পর্যন্ত ভেলোরে গিয়ে চিকিৎসা করতে হবে। তিনি উল্লেখ করেছেন যে, পেনশন আনুতোষিক বাবদ প্রাপ্ত টাকা খরচ করে এবং উত্তরাধিকার সূত্রে যে জমি পেয়েছেন তাও বিক্রির মাধ্যমে চিকিৎসা ব্যয় নির্বাহ করে আর্থিকভাবে সর্বশান্ত হয়েছেন এবং বর্তমানে মানবেতর জীবন-যাপন করছেন। এছাড়া তার নিজেরও ১ বছর আগে অপারেশন করতে হয়েছে এবং এখনও পরিপূর্ণ সুস্থ হননি। তা সত্ত্বেও স্ত্রীর বর্তমান শারীরিক অবস্থা পরীক্ষা-নিরীক্ষা ও চিকিৎসার জন্য পুনরায় ভেলোরে যাওয়া আবশ্যক কিন্তু অর্থের কোন সংস্থান নেই। তাই কোন উপায় না পেয়ে বিকেবি'র একজন অবসরভোগী কর্মকর্তা হিসেবে সহকর্মীদের নিকট একান্ত মানবিক কারণে স্ত্রীর চিকিৎসার জন্য কিছু আর্থিক সাহায্য প্রদানের নিমিত্ত ব্যবস্থাপনা পরিচালক মহোদয় সমীপে আবেদন করেছেন।

০৩। এমতাবস্থায়, জনাব মোঃ সামছুর রহমান-এর আবেদনখানা মানবিক বিবেচনায় তাঁর স্ত্রীর চিকিৎসা ব্যয় নির্বাহের জন্য বাংলাদেশ কৃষি ব্যাংক, সাতক্ষীরা শাখা, সাতক্ষীরায় পরিচালিত জনাব মোঃ সামছুর রহমান-এর সঞ্চয়ী হিসাব নং- ১৫০১-০৩১০০৫৬৫৯০-তে একদিনের লাঞ্চ অথবা যার যার সাধ্যমত আর্থিক সাহায্য প্রেরণের জন্য বাংলাদেশ কৃষি ব্যাংকের সকল স্তরের কর্মকর্তা /কর্মচারীদেরকে অনুরোধ করা হলো।

অনুমোদনক্রমে-

আপনার বিশ্বস্ত,

সংযুক্তি ঃ ০২ (দুই) পাতা।

১৭/১০/২০১৮
(মোঃ জহির ইকবাল)
উপ-মহাব্যবস্থাপক

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো ঃ

০১। উপ-মহাব্যবস্থাপক, আইসিটি সিস্টেমস্, কার্ড ও মোবাইল ব্যাংকিং বিভাগ, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা। মানবিক কারণে সাহায্য সংক্রান্ত পত্রখানা ব্যাংকের অফিসিয়াল ওয়েবসাইটে আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

০২। নথি।

মাননীয়,

ব্যবস্থাপনা পরিচালক
বাংলাদেশ কৃষি ব্যাংক,
প্রধান কার্যালয় কার্যালয়,
কৃষি ব্যাংক ভবন
৮৩-৮৫ মতিঝিল বা/এ
ঢাকা-১০০০

**যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন।**

**বিষয়ঃ স্ত্রীর চিকিৎসার জন্য মানবিক সাহায্যের আবেদন।**

মহাত্মন,

যথাবিহীত সম্মান পূর্বক সবিনয় নিবেদন এই যে, আমি বাংলাদেশ কৃষি ব্যাংকে ইং ২৫/০৫/১৯৭৭ তারিখে যোগদান করি। দীর্ঘ ৩৩ বৎসর চাকুরী শেষে ইং ২৫/১২/২০১০ ইং তারিখে অবসরে যাই। ইতিমধ্যে আমার স্ত্রী দুরারোগ্য ক্যানসার রোগে আক্রান্ত হয়। দেশীয় বিভিন্ন ডাক্তারের অধীনে চিকিৎসা গ্রহনের পর তাদের পরামর্শ ক্রমে সর্বশেষ ভারতের ভেলোরে ডা. থমাস ও ডা. আনিকা থমাস এর অধীনে চিকিৎসা আরম্ভ করি। প্রথমিক পর্যায়ে ভেলোরে রেডিও থেরাপি সহ ক্যানসারের বিভিন্ন প্রকার পরীক্ষা নিরীক্ষা ও চিকিৎসার জন্য সেখানে ২ মাস ৭ দিন অবস্থান হয়। তারপর থেকে প্রতি ৩ (তিন) মাস অন্তর আমার স্ত্রীকে ভেলোরে যেতে হয় এবং ১৫ দিন সেখানে কমপক্ষে অবস্থান করে প্রয়োজনীয় চিকিৎসাপত্র গ্রহন করতে হয়। এখন ৬ (ছয়) মাস অন্তর তার চিকিৎসার জন্য ভেলোরে যেতে হয়। দীর্ঘ ২ (দুই) বছর ৬ (ছয়) মাসে তার চিকিৎসার জন্য আমাকে প্রায় ১৮,০০,০০০/- লক্ষ টাকা খরচ করতে হয়েছে। ডাক্তাদের পরামর্শ মোতাবেক এখনও ৫ (পাঁচ) বছর পর্যন্ত ভেলোরে যেয়ে চিকিৎসা করতে হবে।আমি পেনশন আনুতোষিক যা পেয়ে ছিলাম তা প্রাথমিক চিকিৎসায় সব ব্যয় করেছি। পরবর্তীতে পিতার উক্তরাধিকার সূত্রে যে জমি পেয়ে ছিলাম তাও বিক্রয় করে তার চিকিৎসার জন্য ব্যয় করে আমি বর্তমানে আর্থিক ভাবে সর্বশান্ত হয়েগেছি। বর্তমানে আমি আর্থিক সংকটে পড়ে মানবেতর জীবন জাপন করছি। যা বলাও লজ্জাকর। কিন্তু আমার সামনে আমার স্ত্রী বিনা চিকিৎসায় মারা যাচ্ছে বা যাবে, তা মানবিকভাবে সহ্য করতে না পেরে মানসিক দুঃচিন্তার মধ্যে থেকে আমিও অসুস্থ হয়ে পড়ছি। আমাকেও ১ বছর আগে অপারেশন্ করতে হয়েছে। এখনও আমি পরিপূর্ণ সুস্থ নই।

চলমান পাতা নং-২

জনাব স্ত্রীর অসুস্থতার বর্তমান অবস্থা পরীক্ষা নিরীক্ষা ও চিকিৎসার জন্য পুনরায় আমাদেরকে ভেলোরে যাওয়া আবশ্যক। তাই কোন উপায় না পেয়ে একজন অবসর ভোগী কর্মকর্তা হিসেবে আমার সহকর্মীদের নিকট বিনীত প্রার্থনা জানাচ্ছি যে, যদি মানবিক কারণে কেহ আমার স্ত্রীর চিকিৎসার জন্য যার যা সামর্থ আছে তা দিয়ে সাহায্য করেন তাহলে তাকে পুনরায় ভেলোরে নিয়ে তার ক্যান্সারের পরীক্ষা নিরিক্ষা ও চিকিৎসার ব্যবস্থা করতে পারি। আপনাদের একান্ত সহানুভুতি ও সাহায্য ছাড়া তার কোন চিকিৎসা করানো আমার পক্ষে সম্ভবপর নয়।

আমাকে সাহায্য পাঠানোর ঠিকানা মোঃ সামছুর রহমান, **সঞ্চয়ী হিসাব নং : ১৫০১-০৩১০০৫৬৫৯০** বি কে বি সাতক্ষীরা শাখা,সাতক্ষীরা। আপনারা যারা সহৃদয়তার সাথে আমার সার্বিক সাহায্যের জন্য এগিয়ে আসবেন তাহাদের কে আগামী ২৫শে অক্টোবর ২০১৮ ইং তারিখ এর মধ্যে উক্ত সঞ্চয়ী হিসাব নং **-১৫০১-০৩১০০৫৬৫৯০** এ টাকা পাঠানোর জন্য অনুরোধ জানাচ্ছি।

আপনাদের শুভ কামনা করি।

তাং-

আপনাদের বিশ্বস্ত

মোঃ সামছুর রহমান (অবসর প্রাপ্ত)
উধ্বর্তন মূখ্য কর্মকর্তা
ভঃতঃ নং- এস-৭৫১
বাংলাদেশ কৃষি ব্যাংক
মূখ্য আঞ্চলিক কার্যালয়
সাতক্ষীরা।
মোবাইল নং- ০১৭১২-৭৭২৩৬০
সাং-পলাশপোল (পালতি পুকুর পাড়)
মদিনা সড়ক, সাতক্ষীরা।